

Concept Implementation Ceremony at Khulna Engineering University School:

The Awareness Center (AWC) team held an informative and engaging concept implementation program on 04 October 2023, at Khulna Engineering University School. This program aimed to encourage teachers and students for their participatory activities in waste management. The event started promptly at 9:30 AM, and was presided over by Prof. Rafizul Islam, Project Director, SCIP Plastics Project.

During the program, the Institute for Social-Ecological Research (ISOE) team was represented by Dr.-Ing. Martin Zimmermann, Head of the Research Unit Coupled Infrastructures; Jonathan Pillen, M.Sc., Research Scientist and Michaela Rohrbach, M.Sc., Research Scientist. The Waste Management Committee of KUET Schools was represented by their teachers, including Aysha Siddika, Headmaster; Tuhin Suvro Paul, Asst. Headmaster; Md. Razib Khan Raza, Assistant Teacher; S M Shamsuddoha Shumon, Assistant Teacher; Khurshida Jahan, Assistant Teacher; Mohammad Abul Hasan, Assistant Teacher; Abdul Matin, Assistant Teacher and Md. Belal Hossain, Headmaster, Khulna Engineering University School, Khulna (Primary Section). From the Awareness Center Md. Mahmudul Hasan, Assistant Director (Board of Directors), Sheikh Enjamamul Haque, Head of Awareness Centre; Ankon Singh, Secretary of Awareness Centre; Fahima Akter, Environmental Education Assistant/ Trainer, and S. M. Nahin Rahaman, Communication Designer joined the program. Additionally, around twenty-five students from the Students' Waste Management Volunteer Team participated in the program.

At the commencement of the program, a group of enthusiastic students gathered to showcase their ideas through a visually stunning poster presentation. This presentation was conducted in the presence of a delegation of German experts, who were invited to observe and appreciate the students' hard work and dedication. The students were confident and articulate in their delivery, captivating the attention of the audience and leaving a lasting impression.



Poster Presentation by the Students

During the program inauguration, Professor Rafizul expressed his gratitude to all participants, particularly the German delegates from the ISOE team for attending. He addressed the question "Why are we in school?" and emphasized the significant role that students play in raising awareness and advocating for solutions to future environmental problems. Afterward, he requested Enjamamul to present a comprehensive overview of the program, including a concise summary of the project's inauguration and the Awareness Centre.



Students Sharing Their Opinions

Following the event, the speaker emphasized the importance of hearing the students' thoughts and opinions regarding the project. The students expressed their heartfelt gratitude for the opportunity to be a part of such a meaningful initiative. They articulated how the previous workshop had taught them invaluable lessons on how to take care of the environment, reduce plastic usage, and implement effective reuse and recycling practices. The students further elaborated on how they plan to apply these lessons in their daily lives, and how they can encourage others to do the same.

Then Professor Rafizul invited Tuhin Suvro Paul to take the floor and share his thoughts. In his speech, Tuhin recognized that plastic is an essential material in our day-to-day lives, but he also pointed out the adverse effects that plastic waste is having on our environment. He explained that it is our responsibility to take action and reduce the use of plastics. As a way forward, Tuhin suggested that the campus should aim to become plastic-free, and he emphasized that this would require a collective effort from everyone. He also highlighted that it is essential to educate and raise awareness among students about the importance of responsible plastic use. Finally, Tuhin concluded his speech by encouraging everyone to take small but meaningful steps towards reducing plastic use.



Teachers from KUET Schools Delivering Their Speech

After that, Professor Rafizul asked Jonathan Pillen to share his insight. Jonathan began by expressing his admiration for the students who presented their ideas on the subject, highlighting their impressive creativity and the quality of their colorful presentation. Pillen then went on to emphasize the crucial role that students can play in sustainable waste management systems. He explained that students have a unique ability to collaborate with their peers in finding innovative and sustainable solutions to the challenges of waste management.

During the program, Razib Khan Raza spoke and expressed his gratitude to Professor Rafizul. He acknowledged the active participation of the students in the activities and praised their interest and concern in waste management, particularly in using the source-separated bin. He also highlighted that their efforts inspire other students to follow suit and become more conscious about proper waste disposal.

Professor Rafizul expressed his gratitude for Razib's speech, and Dr. Martin was subsequently invited to share his valuable insights on the topic at hand. During his speech, he delved deeper into the issue of litter-free streets, drains, and rivers, emphasizing that this is not just a dream, but a goal that can be achieved through collective effort. Dr. Martin stressed the importance of environmental awareness in achieving this goal, and outlined three key factors that are necessary for achieving sustainability - knowledge, feeling, and action. He noted that capacity is essential, and that people need to have the necessary knowledge to be able to tackle the problem of plastic waste. This includes understanding how to dispose of waste properly, and avoiding the use of single-use plastics.



German Delegates Sharing Their Thoughts

In addition to knowledge, opportunity is also crucial. Dr. Martin highlighted that people need to have the opportunity to make better environmental choices, such as having access to recycling facilities, and being able to purchase environmentally-friendly products. He also stressed the importance of motivation, and having a clear vision of what can be achieved. In this case, the vision is that Khulna can become a clean and green city in the near future. In conclusion, Dr. Martin emphasized that the future is shaped by present activities, and that by taking action now, we can work towards a cleaner and greener future. He encouraged everyone to work together towards achieving this goal, and to make a conscious effort to be more environmentally aware in their daily lives.

Prof. Rafizul then requested Ayesha Siddiqi to take the floor. Ayesha Siddiqi began her speech by expressing her sincere gratitude for the opportunity to be a part of the SCIP Plastics Project. She went on to state her aspirations for her school to lead the way in promoting a green campus by actively practicing the 3Rs - reduce, reuse, and recycle. Ayesha Siddiqi then took the time to recognize and appreciate the students for their active participation, excellent idea-sharing, and impressive poster presentations. She acknowledged their hard work and dedication towards the project and emphasized the importance of their contributions.

Moreover, Ayesha Siddiqi expressed her heartfelt appreciation towards the project for its infrastructural assistance, which will help her school to achieve its goals of promoting a sustainable environment. She thanked everyone involved, including the organizers and the participants, for making the event a success.

Finally, Professor Rafizul expressed his hope that the students would work together with the Knowledge Transfer Hub. This project is dedicated to promoting knowledge-sharing and collaboration between different groups in order to develop new and effective waste management strategies. By working with the Knowledge Transfer Hub, the students would have access to valuable resources and expertise that could help them turn their ideas into reality.



Group Photo Session

Following the group photo session, Professor Rafizul expressed his sincere appreciation to all participants for their valuable time and cooperation, thereby bringing the program to a successful conclusion.

খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলে কনসেপ্ট ইমপ্লিমেন্টেশন অনুষ্ঠান:

সচেতনতা কেন্দ্র (AWC) টিম ০৪ অক্টোবর ২০২৩ তারিখে খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলে একটি তথ্যবহুল এবং চিত্তাকর্ষক কনসেপ্ট ইমপ্লিমেন্টেশন অনুষ্ঠান আয়োজন করে। এই কর্মসূচির লক্ষ্য ছিল বর্জ্য ব্যবস্থাপনায় শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণমূলক কার্যক্রম উৎসাহিত করা। অনুষ্ঠানটি সকাল সাড়ে ৯টায় শুরু হয় এবং সভাপতিত্ব করেন প্রফেসর ড. মোঃ রাফিজুল ইসলাম, প্রজেক্ট ডিরেক্টর, এসসিআইপি প্লাস্টিকস প্রজেক্ট।

অনুষ্ঠানে ইনস্টিটিউট ফর সোশ্যাল-ইকোলজিক্যাল রিসার্চ (ISOE) টিমের প্রতিনিধিত্ব করেন Dr.-Ing. Martin Zimmermann, সিনিয়র এক্সপার্ট; Jonathan Pillen, রিসার্চ সায়েন্টিস্ট; এবং Michaela Rohrbach, রিসার্চ সায়েন্টিস্ট। কুয়েট স্কুলের বর্জ্য ব্যবস্থাপনা কমিটির প্রতিনিধিত্ব করেন আয়েশা সিদ্দিকা, প্রধান শিক্ষক; তুহিন শুভ্র পাল, সহকারী প্রধান শিক্ষক; মোঃ রাজিব খান রেজা, সহকারী শিক্ষক; এস এম শামসুদ্দোহা সুমন, সহকারী শিক্ষক; খুরশিদা জাহান, সহকারী শিক্ষক; মোহাম্মদ আবুল হাসান, সহকারী শিক্ষক; আব্দুল মতিন, সহকারী শিক্ষক; এবং মোঃ বেলাল হোসেন, প্রধান শিক্ষক, খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয় বিদ্যালয়, খুলনা (প্রাথমিক বিভাগ)। সচেতনতা কেন্দ্র থেকে মোঃ মাহমুদুল হাসান, অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (বোর্ড অব ডিরেক্টরস); শেখ ইনজামামুল হক, সচেতনতা কেন্দ্রের প্রধান; অংকন সিং, সচেতনতা কেন্দ্রের সেক্রেটারি; ফাহিমা আক্তার, এনভায়রনমেন্টাল এডুকেশন অ্যাসিস্ট্যান্ট/ ট্রেইনার; এবং এস, এম, নাহিন রহমান, কমিউনিকেশন ডিজাইনার অনুষ্ঠানে যোগ। এছাড়াও, বর্জ্য ব্যবস্থাপনায় শিক্ষার্থীদের নিয়ে গঠিত ভলান্টিয়ার টিম থেকে প্রায় পঁচিশজন শিক্ষার্থী এই অনুষ্ঠানে অংশ নেয়।

প্রোগ্রামের শুরুতে উৎসাহী শিক্ষার্থীরা বেশ কিছু দৃষ্টিনন্দন পোস্টার উপস্থাপনার মাধ্যমে তাদের ধারণাগুলো প্রদর্শন করে। এই উপস্থাপনাটি জার্মান প্রতিনিধি দলের উপস্থিতিতে পরিচালিত হয়, যারা শিক্ষার্থীদের কঠোর পরিশ্রম এবং নিষ্ঠার প্রশংসা করেন। শিক্ষার্থীরা তাদের উপস্থাপনায় আত্মবিশ্বাসী এবং স্পষ্টভাষী ছিল, যা দর্শকদের মনোযোগ আকর্ষণ করে এবং একটি স্থায়ী ছাপ ফেলতে সক্ষম হয়।

প্রোগ্রাম উদ্বোধনের সময় প্রফেসর রাফিজুল অংশগ্রহণকারীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন, বিশেষ করে ISOE টিমের প্রতি। তিনি প্রশ্ন করেন "কেন আমরা স্কুলে সমবেত হয়েছি?" এবং ভবিষ্যতে পরিবেশগত বিভিন্ন সমস্যা সমাধান ও সচেতনতা বৃদ্ধিতে ছাত্রদের গুরুত্বপূর্ণ ভূমিকার উপর গুরুত্বারোপ করেন। এরপর তিনি ইনজামামুলকে প্রজেক্টের উদ্বোধন এবং সচেতনতা কেন্দ্রের সংক্ষিপ্ত সারসংক্ষেপ সহ প্রোগ্রামটির একটি বিস্তৃত ওভারভিউ উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

উদ্বোধনের পর প্রফেসর রাফিজুল শিক্ষার্থীদের চিন্তাভাবনা ও মতামতের গুরুত্ব উল্লেখপূর্বক তাদেরকে মতামত প্রকাশ করতে উৎসাহিত করেন। এরকম একটি অর্থবহ উদ্যোগের অংশ হওয়ার সুযোগ পেয়ে শিক্ষার্থীরা তাদের আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করে। পূর্বের ওয়ার্কশপ কিভাবে তাদের পরিবেশের যত্ন নিতে, প্লাস্টিকের ব্যবহার কমাতে এবং কার্যকর পুনর্ব্যবহার নিশ্চিত করতে শিখিয়েছে, সেটি তারা বর্ণনা করে। শিক্ষার্থীরা তাদের দৈনন্দিন জীবনে এই শিক্ষা কিভাবে প্রয়োগ

করতে পারে এবং কিভাবে তারা অন্যদেরকে একই কাজ করতে উৎসাহিত করতে পারে সে সম্পর্কে আরও বিশদ ব্যাখ্যা উপস্থাপন করে।

এরপর প্রফেসর রাফিজুল তুহিন শুভ্র পালকে তার বক্তব্যের জন্য আমন্ত্রণ জানান। তুহিন তার বক্তৃতায় বলেন যে, যদিও প্লাস্টিক আমাদের দৈনন্দিন জীবনে একটি অপরিহার্য উপাদান, তবে প্লাস্টিক বর্জ্য আমাদের পরিবেশের উপর বিরূপ প্রভাব ফেলছে। তিনি আরও বলেন যে, যথাযথ ব্যবস্থা গ্রহণ করা এবং প্লাস্টিকের ব্যবহার কমানো আমাদের দায়িত্ব। এই ব্যাপারে তুহিন পরামর্শ দেন যে ক্যাম্পাসকে প্লাস্টিকমুক্ত করার লক্ষ্য রাখা উচিত এবং এজন্য তিনি সকলের সম্মিলিত প্রচেষ্টার উপর গুরুত্বারোপ করেন। তিনি এটাও তুলে ধরেন যে প্লাস্টিকের যথাযথ ব্যবহারের গুরুত্ব সম্পর্কে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা বৃদ্ধি করা অপরিহার্য। পরিশেষে, তুহিন প্লাস্টিক ব্যবহার কমানোর জন্য অর্থবহ পদক্ষেপ নিতে সবাইকে উৎসাহিত করে তার বক্তব্য শেষ করেন।

এরপর প্রফেসর রাফিজুল Jonathan Pillen কে তার বক্তব্যের জন্য অনুরোধ জানান। Jonathan শিক্ষার্থীদের চিত্তাকর্ষক সৃজনশীলতা এবং রঙিন উপস্থাপনার গুণগত মান ও ধারণার প্রশংসা করেন। এরপর তিনি টেকসই বর্জ্য ব্যবস্থাপনায় শিক্ষার্থীরা যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে তার উপর জোর প্রদান করেন। তিনি ব্যাখ্যা করেন যে বর্জ্য ব্যবস্থাপনার চ্যালেঞ্জের উদ্ভাবনী এবং টেকসই সমাধান খুঁজে বের করার জন্য তাদের সহকর্মীদের সাথে সহযোগিতা করার একটি অনন্য ক্ষমতা শিক্ষার্থীদের রয়েছে।

অনুষ্ঠানে রাজিব খান রেজা বক্তব্য রাখেন এবং প্রফেসর রাফিজুলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বিভিন্ন কর্মকাণ্ডে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণের কথা তুলে ধরেন এবং বর্জ্য ব্যবস্থাপনায়, বিশেষ করে উৎসস্থলে বর্জ্য-পৃথকীকরণ বিন ব্যবহারে তাদের আগ্রহের প্রশংসা করেন। তাদের প্রচেষ্টা সঠিক বর্জ্য ব্যবস্থাপনায় অন্যান্য শিক্ষার্থীদের অনুপ্রাণিত করে বলে তিনি মত প্রকাশ করেন।

প্রফেসর রাফিজুল রাজিবের বক্তৃতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং পরবর্তীতে ড. মার্টিনকে এই বিষয়ে তার মূল্যবান অন্তর্দৃষ্টি প্রদান করার জন্য আমন্ত্রণ জানান। ড. মার্টিন তার বক্তৃতায় আবর্জনামুক্ত রাস্তা, ড্রেন এবং নদীর বিষয়ে গভীরভাবে আলোচনা করেছেন, জোর দিয়ে বলেন যে এটি কেবল একটি স্বপ্ন নয়, এটি একটি লক্ষ্য যা সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে অর্জন করা যেতে পারে। ড. মার্টিন এই লক্ষ্য অর্জনে পরিবেশগত সচেতনতার উপর জোর দেন এবং টেকসই পরিবেশ অর্জনের জন্য প্রয়োজনীয় তিনটি মূল বিষয়ের রূপরেখা প্রদান করেন - জ্ঞান, অনুভূতি এবং কর্ম। তিনি উল্লেখ করেন যে, সক্ষমতা অপরিহার্য, এবং প্লাস্টিক বর্জ্যের সমস্যা মোকাবেলায় সক্ষম হওয়ার জন্য প্রয়োজনীয় জ্ঞান থাকতে হবে যার মধ্যে রয়েছে- কীভাবে সঠিকভাবে বর্জ্য নিষ্পত্তি করা যায় তা বোঝা এবং সিঙ্গেল ইউজড প্লাস্টিকের ব্যবহার এড়ানো।

জ্ঞানের পাশাপাশি সুযোগও গুরুত্বপূর্ণ বলে তিনি মনে করেন। ড. মার্টিন গুরুত্বের সাথে বলেন যে মানুষের আরও ভাল পরিবেশগত পছন্দ করার সুযোগ থাকা দরকার, যেমন পুনর্ব্যবহারযোগ্য সুবিধাগুলিতে অ্যাক্সেস থাকা এবং পরিবেশ-বান্ধব পণ্য ক্রয় করতে সক্ষম হওয়া। তিনি মোটিভেশনের উপর গুরুত্বারোপ করেন এবং কী অর্জন করা যেতে পারে তার একটি পরিষ্কার দৃষ্টিভঙ্গি থাকা উচিত বলে মত প্রকাশ করেন, যেমন- অদূর ভবিষ্যতে খুলনা একটি পরিচ্ছন্ন ও সবুজ নগরীতে পরিণত হবে। উপসংহারে ড. মার্টিন বলেন যে বর্তমান কার্যক্রম দ্বারা ভবিষ্যত

নির্ধারিত হয়ে থাকে এবং এখনই পদক্ষেপ নেওয়ার মাধ্যমে আমরা একটি পরিষ্কার এবং সবুজ ভবিষ্যত নিশ্চিত করতে পারি। তিনি সবাইকে এই লক্ষ্য অর্জনের জন্য একসাথে কাজ করতে এবং তাদের দৈনন্দিন জীবনে পরিবেশের ব্যাপারে আরও সচেতন হতে উৎসাহিত করেন।

প্রফেসর রাফিজুল এরপর আয়েশা সিদ্দিকাকে তার বক্তব্যের জন্য অনুরোধ জানান। আয়েশা সিদ্দিকা SCIP প্লাস্টিক প্রজেক্টের অংশ হওয়ার সুযোগ প্রদানের জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করে তার বক্তৃতা শুরু করেন। তিনি সক্রিয়ভাবে 3R- রিডিউজ, রিইউজ, এবং রিসাইকেল করার মাধ্যমে একটি সবুজ ক্যাম্পাসের প্রচারের পথে তার স্কুলের নেতৃত্ব দেওয়ার আকাঙ্ক্ষার কথা জানান। আয়েশা সিদ্দিকা এরপর শিক্ষার্থীদেরকে তাদের সক্রিয় অংশগ্রহণ, চমৎকার ধারণা আদান-প্রদান এবং চিত্তাকর্ষক পোস্টার উপস্থাপনার জন্য প্রশংসা করেন। তিনি প্রজেক্টের প্রতি তাদের কঠোর পরিশ্রম ও একাগ্রতা এবং তাদের অবদানের গুরুত্বের সাথে স্বীকার করেন।

এছাড়াও আয়েশা সিদ্দিকা প্রজেক্টের পক্ষ থেকে অবকাঠামোগত সহায়তার জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন, যা তার স্কুলকে একটি টেকসই পরিবেশ নিশ্চিত করার লক্ষ্য অর্জনে সহায়তা করবে। তিনি অনুষ্ঠানটি সফল করার জন্য আয়োজক ও অংশগ্রহণকারীসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

সবশেষে প্রফেসর রাফিজুল আশাবাদ ব্যক্ত করেন যে, শিক্ষার্থীরা নলেজ ট্রান্সফার হাবের সাথে একযোগে কাজ করবে। এই প্রজেক্টটি নতুন এবং কার্যকর বর্জ্য ব্যবস্থাপনা কৌশলের জন্য বিভিন্ন স্টেকহোল্ডারদের মধ্যে জ্ঞান-আদান-প্রদান এবং সহযোগিতার জন্য নিবেদিত। নলেজ ট্রান্সফার হাবের সাথে কাজ করার মাধ্যমে, শিক্ষার্থীরা মূল্যবান সম্পদ এবং দক্ষতা অর্জন করবে যা তাদের ধারণাগুলিকে বাস্তবে পরিণত করতে সাহায্য করতে পারে বলে তিনি উল্লেখ করেন। গ্রুপ ফটো সেশনের পর, প্রফেসর রাফিজুল অংশগ্রহণকারীদের তাদের মূল্যবান সময় এবং সহযোগিতার জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং অনুষ্ঠানটি সফলভাবে সমাপ্ত হয়।